



## নির্বাচন কমিশন সচিবালয়

জনসংযোগ অধিশাখা  
শেরে বাংলা নগর, ঢাকা।  
www.ecs.gov.bd

নং নিকস/জঅ/সংবাদ বিজ্ঞপ্তি-১(২)/২০১০/৫১

তারিখঃ ১৯ মে, ২০১০।

### প্রেস রিলিজ

নির্বাচন কমিশন ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ১৭ জুন, ২০১০ চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে বুথ ভিত্তিক কোন সার্বক্ষণিক পর্যবেক্ষক নিয়োগ করা হবে না। তবে ভ্রাম্যমাণ পর্যবেক্ষকগণ কেন্দ্রে বা বুথে স্বল্প সময়ের জন্য অবস্থান করে নির্বাচন প্রক্রিয়া পর্যবেক্ষণ করতে পারবেন। এ প্রেক্ষাপটে নির্বাচন পর্যবেক্ষণে অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী দেশী-বিদেশী পর্যবেক্ষক সংস্থাকে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। আগ্রহী সংস্থাসমূহের আবেদন প্রাপ্তির পর নির্বাচন কমিশন সচিবালয় সংস্থার লক্ষ্য ও কর্মসূচি বিবেচনান্তে পর্যবেক্ষক পরিচয়পত্র ইস্যু করবে।

নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ আগামী ২৫মে, ২০১০। আবেদনপত্র ডাকযোগে, ই-মেইলে pro@ecs.gov.bd বা ফ্যাক্সে ৯১২৯৭৭৩ পাঠানো যাবে।

পর্যবেক্ষক ফরমসমূহ নির্বাচন কমিশনের ওয়েব সাইট (www.ecs.gov.bd) হতে ডাউনলোড এবং ফটোকপি করে ব্যবহার করা যাবে।

(স্বপন কুমার ভৌমিক)  
পরিচালক (জনসংযোগ)  
মোবাইলঃ ০১৮২০০৭৭১৮০।